দৈনিক খবর

তারিখ 23 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 7

ডকুমেন্টেশন কেন্দ্র

৯/

85

# শিক্ষা কেন্দ্রের সমস্যা নিরসনে

মানুষ সামাজিক জীব। তাই মানুষকে সমাজেই বাস করতে হয় এবং তার সাথে মেনে চলতে হয় সমাজের নিয়ম-কানুন, আচার-আচরণ ইত্যাদি। সেজন্যে প্রয়োজন শিক্ষার, যা হতে হবে ভালো এবং সুস্থ পরিবেশে। শিশুকালই শিক্ষার প্রথম স্তর। তখন থেকে শিশুরা শিক্ষা লাভ করতে শুরু করে। ঠিক যেভাবে তাদের শিক্ষা দেয়া হবে, যে পরিবেশে শিক্ষা দেয়া হবে— সেটাই তারা শিখবে। কিন্তু সেটা যদি তাদের কাছে গ্রহণযোগ্য না হয় আর শিক্ষা কেন্দ্রে গিয়ে যদি তারা বিদ্যা শিক্ষার পরিবর্তে অভাব আর দারিদ্র্যতার কষাঘাতে জর্জরিত হয়, তখন সেই ছোট ছোট কোমলমতি শিশুরা মন দিয়ে সেই শিক্ষা গ্রহণ করতে পারে না। যার ফলে বড় হয়ে কেউ হয় বখাটে মাস্তান, মূর্খ দিনমজুর অথবা কারো বাড়ীর কাজের মেয়ে। তাই শিক্ষা ব্যবস্থার উন্নতি চাইলে শিক্ষা কেন্দ্রের উন্নতির প্রয়োজন। আর এমনি উন্নতির প্রয়োজন মহানগরী ঢাকার ২৩নং ওয়ার্ডের অন্তর্গত শহীদনগর প্রাথমিক বিদ্যালয়টির। বর্তমানে বিদ্যালয়টি নানা ধরনের সমস্যায় জর্জরিত। শহীদনগর এলাকায় অবস্থিত এ বিদ্যালয়টি ১৯৭৮ সালে প্রতিষ্ঠিত হয়। খোলা আকাশের নীচে চট বা পাটি বিছিয়ে প্রথম ক্লাস শুরু হয়। ১৯৮০ সালে বিদ্যালয়টি ইউনিসেফের সহযোগিতায় বেড়ার ঘর তৈরী করে শিক্ষাদান অব্যাহত রাখে। পরবর্তীতে নাম পরিবর্তন করে উক্ত বিদ্যালয়টির নামকরণ করা হয় স্থানীয় সংসদ সদস্যের নামানুসারে আলহাজ্ব আনোয়ার হোসেন শহীদনগর প্রাথমিক বিদ্যালয় এবং তার সাহায্যে প্রায় ৬০ শতাংশ জায়গার উপর একটি একতলা বিল্ডিং তৈরী করা হয়। বাকী ৪০ শতাংশ জায়গা পরিত্যক্ত অবস্থায় রয়েছে।

বর্তমান ছাত্র-ছাত্রীদের তুলনায় বিদ্যালয়টিতে শ্রেণীকক্ষ অপর্যাপ্ত ছাত্র-ছাত্রীদের ক্লাস করার জন্য কো[illegible] বেঞ্চ ও টুল নেই। খেলাধুলার মাঠ নেই